নমুনা প্রশ্নপত্র
হাই মাদ্রাসা পরীক্ষা-২০১৭
ভূগোল ও পরিবেশ

পূর্ণমান : ৯০—নিয়মিত পরীক্ষার্থীদের জন্য
১০০—বহিরাগত পরীক্ষার্থীদের জন্য

সময়: ৩ ঘন্টা ১৫ মিনিট

বিভাগ- ক

1. সঠিক উত্তরটি চিহ্নিত করে লেখো (প্রতিটি প্রশ্নেরই উত্তর দিতে হবে) : ১ × ১৪ = ১৪

(i) কোন্ গতিতে নদীর ক্ষয় সর্বাধিক হয়—
(a) উচ্চগতি (b) মধ্যগতি
(c) নিম্নগতি (d) কোনোটিই নয়।

(ii) কোন্‌টি হিমবাহের কার্যের ফলে গঠিত ভূমিরূপ—
(a) বার্খান (b) অশ্বক্ষুরাকৃতি হ্রদ
(c) ড্রামলিন (d) সিফ।

(iii) বায়ুমণ্ডলের ঊর্ধ্বতম স্তর হল—
(a) আয়নোস্ফিয়ার (b) ট্রপোস্ফিয়ার
(c) ম্যাগনেটোস্ফিয়ার (d) স্ট্র্যাটোস্ফিয়ার।

(iv) ক্যারিবিয়ান সাগরের ক্রান্তীয় ঘূর্ণিঝড়টি হল—
(a) সাইক্লোন (b) হ্যারিকেন
(c) টর্নোডো (d) টাইফুন।

(v) হিমপ্রাচীর দেখা যায় যে মহাসাগরে—
(a) আটলান্টিক (b) ভারত
(c) কুমেরু (d) প্রশান্ত।

(vi) মরা কোটালের সময় পৃথিবী ও চাঁদ কত ডিগ্রি কোণে থাকে—
(a) 360° (b) 180°
(c) 90° (d) 45°।

(vii) তেজস্ক্রিয় বর্জ্যের মূল উৎস—

(a) কয়লা শিল্প (b) পারমাণবিক বিদ্যুৎ

(c) কাগজ শিল্প (d) তাপবিদ্যুৎ।

(viii) ভারতের নবগঠিত রাজ্যটি হল—

(a) ছত্তিশগড় (b) ঝাড়খণ্ড

(c) উত্তরাখণ্ড (d) তেলেঙ্গানা।

(ix) কুমায়ুন হিমালয়ে 'তাল' বলতে — বোঝায়?

(a) হ্রদ (b) শৃঙ্গ

(c) নদী (d) পর্বত

(x) আম্রবৃষ্টি দেখা যায়—

(a) উত্তরভারত (b) দক্ষিণভারত

(c) পূর্বভারত (d) পশ্চিম ভারত।

(xi) তন্তুজ ফসল কোন্‌টি?

(a) চা (b) ধান

(c) কার্পাস (d) কফি।

(xii) উদীয়মান শিল্প হল—

(a) কার্পাস বস্ত্রবয়ন (b) লৌহ ইস্পাত

(c) পেট্রোরসায়ন (d) মোটরগাড়ি।

(xiii) বৃহত্তম মহানগরটি হল—

(a) মুম্বাই (b) কলকাতা

(c) চেন্নাই (d) হায়দ্রাবাদ।

(xiv) মহাকাশে কৃত্রিম উপগ্রহ যেখানে রাখা হয় তাকে বলে—

(a) সেন্সর (b) প্ল্যাটফর্ম

(c) স্পট (d) ল্যান্ডস্যাট।

বিভাগ- খ

2.1 নীচের বাক্যগুলির মধ্যে যেটি ঠিক তার পাশে সত্য ও যেটি ভুল তার পাশে মিথ্যা লেখো : ১×৬=৬

(i) উচ্চগতিতে নদীর সঞ্চয়কার্য সর্বাধিক।

(ii) সিফ বালিয়াড়ির আকৃতি পিরামিডের মতো।

(iii) স্ট্র্যাটোস্ফিয়ার স্তরে ওজন গ্যাসের আধিক্য থাকে।

(iv) এলনিনোর প্রভাব প্রশান্ত মহাসাগরে দেখা যায়।

(v) সকল বর্জ্যই পরিবেশের দূষণ ঘটায়।

(vi) ভারতের সর্বোচ্চ শৃঙ্গ কাঞ্চনজঙ্ঘা।

2.2 উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো ১×৬=৬

(i) অবরোহন প্রক্রিয়া ________ প্রক্রিয়া নামেও পরিচিত

(ii) পর্বতের ________ ঢালকে বৃষ্টিচ্ছায় অঞ্চল বলে।
(iii) গঙ্গা ও যমুনার মধ্যবর্তী সমভূমি হল ________।
(iv) ________ মাটি কার্পাস চাষের জন্য প্রয়োজনীয়।
(v) NASA ________ দেশের মহাকাশ গবেষনা সংস্থা ।
(vi) সার্ভে অফ ইন্ডিয়ার সদর দপ্তর অবস্থিত ________।

2.3 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মিলিয়ে লেখো : **১×৬=৬**

স্তম্ভ ক	স্তম্ভ খ
(i) মন্থ কূপ	১। মেরুপ্রভা
(ii) গোবি মরুভূমি	২। বর্জ্যের ফলে সৃষ্ট
(iii) আয়নোস্ফিয়ার	৩। এশিয়া
(iv) ইউট্রোফিকেশান	৪। কফি গবেষণাগার
(v) ভাভুলমালা	৫। পশ্চিমঘাট পর্বতমালা
(vi) চিকমাগালুর	৬। নদীর কাজ
	৭। বিন্ধ পর্বত

2.4 অতি সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) **১×৪=৪**

(i) কোন্ মহাসাগরে হামবোল্ড স্রোত দেখা যায়?

অথবা

তুষারভক্ষক বলা হয় কোন্ বায়ুকে?

(ii) ভারতের কোন্ রাজ্যে সাক্ষরতার হার সবচেয়ে কম?

অথবা

ভারতের ম্যাঞ্চেস্টার বলা হয় কোন্ শহরকে?

(iii) গঙ্গার প্রধান উপনদী কোন্‌টি?

অথবা

ভারতের বৃহতম উপহ্রদ কোন্‌টি?

(iv) পশ্চিমবঙ্গের একটি লৌহ ইস্পাত শিল্প কেন্দ্রের নাম লেখো।

অথবা

পূর্বভারতের প্রধান বন্দর কোন্‌টি?

বিভাগ- গ

3. সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন। সব প্রশ্নের উত্তর দিতে হবে (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) **২ × ৬ = ১২**

(i) পর্যায়ণ কী? **অথবা,** ডোলড্রাম কী?
(ii) বাগস্রুন্ড কী? **অথবা,** সমুদ্রস্রোত কী?
(iii) বর্জ্য ব্যবস্থাপনা বলতে কী বোঝ?
অথবা, বর্জ্য পদার্থ বলতে কী বোঝ?
(iv) ছিটমহল কী? **অথবা** মরুস্থলী কী?
(v) পশ্চিমি ঝঞ্ঝা কী? **অথবা** ধাপ চাষ কী?
(vi) দূরসংবেদন কী? **অথবা** টোপোগ্রাফিক্যাল মানচিত্র কী?

বিভাগ- ঘ

4. বিশ্লেষণাত্মক প্রশ্ন। প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ৩ × ৪ = ১২

(i) বায়ুর উষ্ণতা ও বায়ুচাপের সম্পর্ক লেখো।

অথবা

নিউফাউন্ডল্যান্ড অঞ্চলে ঘন কুয়াশার সৃষ্টি হয় কেন?

(ii) জৈবভঙ্গুর ও জৈব অভঙ্গুর বর্জ্যের পার্থক্য আলোচনা করো।

অথবা

বর্জ্যের পুনর্ব্যবহার দ্বারা কীভাবে বর্জ্য ব্যবস্থাপনা করা সম্ভব আলোচনা করো।

(iii) ভারতে দ্রুত জনসংখ্যাবৃদ্ধির কারণ কী?

অথবা

ধান ও গম উৎপাদনে কীরূপ মৃত্তিকার প্রয়োজন হয়?

(iv) সক্রিয় ও নিষ্ক্রিয় সেন্সর কী?

অথবা

উপগ্রহ চিত্র সংগ্রহের উপাদানগুলি কী কী?

বিভাগ- ঙ

5.1 যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও (দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য চিত্রাঙ্কন আবশ্যিক নয়) ৫ × ২ = ১০

(i) চিত্রসহ হিমবাহের ক্ষয়ের ফলে সৃষ্ট তিনটি ভূমিরূপ আলোচনা করো।

(ii) ভরাকোটাল ও মরাকোটাল কীভাবে হয় চিত্রসহ ব্যাখ্যা করো।

(iii) বায়ুচাপ বলয়ের সঙ্গে নিয়তবায়ুর সম্পর্ক আলোচনা করো।

(iv) চিত্রসহ শৈলোৎক্ষেপ বৃষ্টি ঘূর্ণাবাতজনিত বৃষ্টি আলোচনা করো।

5.2 যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ৫ × ২ = ১০

(i) ভারতীয় কৃষির বৈশিষ্টগুলি আলোচনা করো।

(ii) চা উৎপাদনের অনুকূল ভৌগোলিক পরিবেশ আলোচনা করো।

(iii) পশ্চিমভারতে কার্পাসবস্ত্রবয়ন শিল্পের কেন্দ্রীভবনের কারণগুলি আলোচনা করো।

(iv) ভারতে নগরায়নের সমস্যাগুলি কী কী?

বিভাগ- চ

6. নিম্নোক্তগুলি প্রদত্ত ভারতের মানচিত্রে চিহ্নিত করো ও নাম লেখো মানচিত্রটি উত্তরপত্রের সাথে জুড়ে দাও : ১ × ১০ = ১০

(i) কারাকোরাম পর্বত, (ii) লোকটাক হ্রদ, (iii) বোকারো, (iv) প্রধান চা উৎপাদক অঞ্চল, (v) গোদাবরী নদী, (vi) ম্যানগ্রোভ অরণ্য, (vii) মরুস্থলী, (viii) কান্ডালা, (ix) দিল্লি, (x) কৃষ্ণমৃত্তিকা অঞ্চল।

অথবা

(দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য) ১ × ১০ = ১০

6. (i) পৃথিবীর দীর্ঘতম উপত্যকা হিমবাহ কোন্‌টি?

(ii) চিনের কোন্ নদী অববাহিকায় লোয়েশ দেখা যায়।

(iii) তুমি কোন্ জলবায়ু অঞ্চলে বাস করো।
(iv) বায়ুচাপ মাপা হয় কোন্ এককে?
(v) W.H.O-এর পুরো কথা কী?
(vi) সিজিগি কী?
(vii) বর্তমানে ভারতে রাজ্যের সংখ্যা কয়টি?
(viii) ভারতের কোথায় সবচেয়ে উন্নতমানের চা উৎপাদিত হয়?
(ix) শালগাছ কোন্ ধরনের অরণ্যের স্বাভাবিক উদ্ভিদ?
(x) পশ্চিমবঙ্গের তৈল রসায়ন শিল্প কেন্দ্রটির নাম লেখো।

(কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)

7. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। ১ × ৪ = ৪

(i) 'নায়াগ্রা জলপ্রপাত' কোন্ নদীর উপর সৃষ্টি হয়েছে?
(ii) অ্যারোসল কী?
(iii) ভারতের প্রধান রবি ফসল কোন্‌টি?
(iv) নামচাবারোয়া কোন্ রাজ্যে অবস্থিত?
(v) ভারতের বৃহত্তম রাজ্য কোনটি?
(vi) প্লায়া কি?

8. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ২ × ৩ = ৬

(i) সীমান্ত বৃষ্টি কী?
(ii) সিজিগি কী?
(iii) ভাঙার ও খাদার বলতে কী বোঝ?
(iv) টোপোগ্রাফিক্যাল মানচিত্র কী?